


PG (CBCS)
M.A. Semester-I Examination, 2022
BENGALI
PAPER: BNG 104
(মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ)

Full Marks: 40

Time: 2 Hours

বিভাগ-ক



যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও।

২x৪=৮

- ১) 'এ সখি হামারি দুখের নাহি ওর' -এই পদটি কার লেখা? এখানে 'ওর' বলতে কাকে বোঝানো হয়েছে? 'ওর' শব্দটির পদ পরিচয় লেখো।
- ২) গৌরচন্দ্রিকা ও গৌরাজ বিষয়ক পদের মধ্যে দুটি পার্থক্য লেখো।
- ৩) 'সাধ্য-সাধন তত্ত্ব' -এর আলোচনায় মুখ্য বক্তা ও শ্রোতার নাম লেখো?
- ৪) রায় রামানন্দ কে ছিলেন? তাঁর সঙ্গে চৈতন্যদেবের সাক্ষাৎ কোথায় হয়?
- ৫) চণ্ডীমঙ্গল কাব্যে কোন কোন শাপভ্রষ্ট দেবতা কালকেতু ও ফুল্লরা রূপে মর্ত্যে অবতীর্ণ হয়েছিলেন?
- ৬) কবি সৈয়দ আলাওলের জন্ম কোথায় হয়? তিনি কার অনুরোধে কার কাব্য অনুবাদ করেছিলেন?


বিভাগ-খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও

৪x৪=১৬

- ১) বৈষ্ণব রসশাস্ত্রে প্রার্থনা বিষয়ক পদ কেন পাওয়া যায় না ব্যাখ্যা দাও। পাঠ্য বিদ্যাপতির প্রার্থনা বিষয়ক পদের মর্মার্থ সংক্ষেপে ব্যাখ্যা দাও।
- ২) 'রূপ লাগি আঁখি বুঝে' -পদটির কাব্যমূল্য নিরূপণ করো।
- ৩) 'প্রেমবিলাসবিবর্ত' বলতে কী বোঝায় ?
- ৪) কবি মুকন্দরামের চণ্ডীমঙ্গল কাব্যে কালকেতুর বাল্যক্রীড়ার পরিচয় দাও।
- ৫) টীকা লেখ - ভাঁড়ু দত্ত।
- ৬) 'পদ্মাবতী কাব্যে রোমান্টিক গীতিসাহিত্য হিসেবে কতখানি সার্থক তা আলোচনা করো।

বিভাগ-গ



৮x২=১৬

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।

- ১) অভিসার বিষয়ক পদ রচনায় গোবিন্দ দাসের কবি কৃতিত্বের পরিচয় দাও।
- ২) চৈতন্যচরিতামৃতের মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদের বিষয়বস্তু সম্পর্কে আলোচনা করো।
- ৩) 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখ্যটিকখণ্ডের সমাজজীবনের চিত্র আলোচনা করো।
- ৪) সৈয়দ আলাওল উচ্চাঙ্গের অনুবাদক, পণ্ডিত এবং শক্তিশালী কবি - আলাওলের এই পরিচয় কতখানি গ্রহণযোগ্য তা বিচার করো।
